# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৭৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. দ্বিতীয় অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ صَلَّى بَعْدَ الْمَغْرِبِ سِتَّ رَكَعَاتٍ لَمْ يَتَكَلَّمْ فِيمَا بَيْنَهُنَّ بِسُوءٍ عُدِلْنَ لَهُ بِعِبَادَةِ ثِنْتَيْ عَشْرَةَ سَنَةً» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ لَا نَعْرِفُهُ إِلَّا مِنْ حَدِيثِ عمر بن أَبِي خَثْعَمٍ وَسَمِعْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ يَقُولُ: هُوَ مُنكر الحَدِيث وَضَعفه جدا

## বাংলা

১১৭৩-[১৫] আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে লোক মাগরিবের সালাতের পর ছয় রাক্‘আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করবে এবং এর মধ্যখানে কোন অশালীন কথাবার্তা বলবে না। তাহলে এ (ছয়) রাক্‘আতের সাওয়াব তার জন্যে বারো বছরের ’ইবাদাতের সাওয়াবের পরিমাণ হয়ে যাবে। (তিরমিযী; ইমাম তিরমিযী এ হাদীসটিকে বর্ণনা করেছেন এবং বলেছেন, এ হাদীসটি গরীব। কারণ এ হাদীস ’উমার ইবনু খাস্’আম-এর সূত্র ছাড়া আর কোন সূত্রে জানা যায়নি। আর আমি মুহাম্মাদ ইবনু ইসমা’ঈল বুখারীকে বলতে শুনেছি যে, ’উমার ইবনুল খাস’আম মুনকারুল হাদীস। তাছাড়াও তিনি হাদীসটিকে যথেষ্ট য’ঈফ বলেছেন।)[1]

## ফুটনোট

[1] খুবই দুর্বল : আত্ তিরমিযী ৪৩৫, ইবনু মাজাহ্ ১১৬৭, য’ঈফ আত্ তারগীব ৩৩১, য’ঈফ আল জামি‘ ৫৬৬১, সিলসিলাহ্ আয্ য’ঈফাহ্ ৪৩৯। কারণ এর সানাদের রাবী ‘উমার ইবনু ‘আবদুল্লাহ ইবনু আবূ খায়সাম-কে ইমাম বুখারী মুনকারুল হাদীস বলেছেন। ইমাম যাহাবী (রহঃ) বলেছেন। তার বর্ণিত দু’টি মুনকার হাদীস রয়েছে তন্মধ্যে এটি একটি।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (سِتَّ رَكَعَاتٍ) ছয় রাক্‘আত তন্মধ্যে দুই রাক্‘আত সুন্নাতে মুয়াক্কাদাহ্ অথবা পৃথক ছয় রাক্‘আত।

(لَمْ يَتَكَلَّمْ فِيمَا بَيْنَهُنَّ) অর্থাৎ ঐ সালাত আদায়কালে কোন খারাপ কথা না বলে অথবা এমন কথা না বলে যা খারাপের দিকে ধাবিত করে। ইমাম বুখারী বলেন, অত্র হাদীস বর্ণনাকারী ‘উমার মুনকারুল হাদীস। ইবনু ‘আদী বলেন, তিনি মুনকারুল হাদীস।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55733

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন